

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৭০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, সালাতে কোন ব্যক্তি কুর'আন বহির্ভুত দু'আ পড়লে, তার সালাত বাতিল হয়ে যাবে- তার কথা অপনোদনকারী হাদীসের বর্ণনা

ذكر الخبر المدحض قول من زعم أن دعاء المرء في الصلاة بما ليس في الْقُرْآنِ يُفسد عَلَيْه صَلَاتَهُ

আরবী

1970 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحُسَيْنِ بْنِ مُكْرَمٍ الْبَزَّارُ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عَلِيِّ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ وَيَحْيَى الْقَطَّانُ قَالَا: حَدَّثَنَا سُلَيْمَانُ التَّيْمِيُّ عَنْ أَبِي مِجْلَزٍ عَنْ أَنسِ مَالِكِ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عَلَيْهِ وَسَلَّمَ: قَنَتَ شَهْرًا بَعْدَ الرُّكُوعِ يَدْعُو عَلَى حَيِّ بْنِ مَالِكِ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عَلَيْهِ وَسَلَّمَ: قَنَتَ شَهْرًا بَعْدَ الرُّكُوعِ يَدْعُو عَلَى حَيِّ مِنْ أَحْيَاءِ الْعَرَبِ رِعْلٍ وَذَكُوانَ وَقَالَ: (عُصَيَّة عَصَت اللَّهَ وَرَسُولَهُ) مِنْ أَحْياءِ الْعَرَب رِعْلٍ وَذَكُوانَ وَقَالَ: (عُصَيَّة عَصَت اللَّهَ وَرَسُولَهُ) أَبُو مِجْلَزٍ: اسمه لاحق بن حميد الراوي : أَبُو هُرَيْرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1970 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح سنن أبي داود)) (1999)

বাংলা

১৯৭০. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক মাস রুকু'র পর আরবের গোত্রগুলোর মাঝে রি'ল ও যাকওয়ান গোত্রের উপর বদ দু'আ করেন। তিনি বলেন, "উসাইয়াহ গোত্র আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নাফরমানী করেছে।"[1]

রাবী আবূ মিজলাযের নাম লাহিক বিন হুমাইদ।

ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ৩/১১৬; সহীহ আল বুখারী: ১০০৩; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২৪৪; সহীহ মুসলিম: ৬৭৭; নাসাঈ: ২/২০০; আবূ আওয়ানা: ২/১৮৬; সুনান বাইহাকী: ২/২৪৪; দারেমী: ১/২৪৪; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৪৯৬৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৩৫; আবূ দাউদ: ১৪৪৫; আবূ আওয়ানা: ২/২৮৬; ইবনু মাজাহ: ১১৮৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১২৯৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন